রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১২, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ আষাঢ় ১৪১৪/১১ জুলাই ২০০৭

**এস, আর, ও নং ১৭৮-আইন/২০০৭/শ্রকম/শা-৬/নিঃমঃনিঃ-৩/২০০৭।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, বিড়ি শিল্পে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে গঠিত "নিম্নতম মজুরী বোর্ড" কর্তৃক উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীনে সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উক্তরূপ শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরীর হার হইবে, যথা ঃ—

**তফসিল**

**"ক" পরিচ্ছেদ**

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী টাকা | মাসিক বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৩০% টাকা | মাসিক চিকিৎসা ভাতা টাকা | মাসিক সর্ব-মোট মজুরী টাকা | দৈনিক মজুরী টাকা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। বিড়ি তৈয়ারী শ্রমিক | ১৮০০.০০ | ৫৪০.০০ | ২০০.০০ | ২৫৪০.০০ | ১০৫.০০ |
| ২। ঠোংগা তৈয়ারীর শ্রমিক | | | | | |
| ৩। তামাক ভাংগাই শ্রমিক (হাতে) | | | | | |
| ৪। তামাক ভাংগাই শ্রমিক (মেশিনে) | | | | | |



মূল্য ঃ টাকা ৬.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ৫। তামাক চিরাই শ্রমিক (হাতে) | | | | | |
| ৬। ডাটা চালানী শ্রমিক (হাতে) | | | | | |
| ৭। মিকচার শ্রমিক (বিড়ির জন্য) | | | | | |
| ৮। চালানী প্যাকিং শ্রমিক | | | | | |

## "খ" পরিচ্ছেদ

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী টাকা | মাসিক বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৩০% টাকা | মাসিক চিকিৎসা ভাতা টাকা | মাসিক সর্বমোট মজুরী টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| গ্রেড-১ ঃ | ৩২০০.০০ | ৯৬০.০০ | ২০০.০০ | ৪৩৬০.০০ |
| ১। স্টোর কিপার | | | | |
| ২। হিসাব সহকারী | | | | |
| গ্রেড-২ ঃ | ২৫০০.০০ | ৭৫০.০০ | ২০০.০০ | ৩৪৫০.০০ |
| ১। স্টোর সহকারী | | | | |
| ২। ক্যাশিয়ার | | | | |
| ৩। সেলসম্যান | | | | |
| ৪। চেকার | | | | |
| ৫। টাইপিস্ট | | | | |
| ৬। টেলিফোন অপারেটর | | | | |
| ৭। সীট লেখক | | | | |
| ৮। কাগজ বিতরণী | | | | |
| ৯। ড্রাইভার | | | | |
| গ্রেড-৩ ঃ | ২০০০.০০ | ৬০০.০০ | ২০০.০০ | ২৮০০.০০ |
| ১। পিয়ন | | | | |
| ২। দারোয়ান | | | | |
| ৩। মালি | | | | |
| ৪। সুইপার | | | | |
| ৫। তামাক মাপক | | | | |
| ৬। পেপার কাটার | | | | |
| ৭। প্রচারক | | | | |

"গ" পরিচ্ছেদ

১। দেশের বিভিন্ন স্থানে অবস্থিত বিভিন্ন বিড়ি কারখানায় বিড়ি তৈয়ারীর পদ্ধতিগত কারণে কর্মরত শ্রমিকগণ একই পরিমাণ বিড়ি তৈয়ার করিতে পারেন না, তাই ফ্যাক্টরী ভেদে প্রত্যেক শ্রমিককে দৈনিক ন্যূনতম লেভেল প্যাকিংসহ ৫,০০০ (পাঁচ হাজার) বিড়ি তৈয়ার করিতে হইবে, যাহাতে শ্রমিকের দৈনিক ন্যূনতম মজুরী ১০৫ (একশত পাঁচ) টাকায় সমন্বয় হয়। এই জাতীয় প্রতি ১০০০(এক হাজার) বিড়ি তৈয়ারীর জন্য মালিকগণ একজন শ্রমিককে ২১ (একুশ) টাকার কম মজুরী প্রদান করিতে পারিবেন না এবং প্রদত্ত মজুরীর ৩৩ শতাংশ অর্থ বিড়ি তৈয়ারীর শ্রমিক ঠোংগা তৈয়ারী শ্রমিককে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

২। ফিল্টারযুক্ত বা ঐ জাতীয় কিছু কিছু বিড়ি অন্যান্য বিড়ির সমপরিমাণ তৈয়ার করা যায় না বরং তুলনামূলকভাবে কম করা যায়, বিধায় প্রত্যেক শ্রমিককে দৈনিক ন্যূনতম ২০০০ (দুই হাজার) হইতে ২৫০০ (দুই হাজার পাঁচশত) বিড়ি তৈয়ার করিতে হইবে, যাহাতে শ্রমিকদের দৈনিক ন্যূনতম মজুরী ১০৫ (একশত পাঁচ) টাকায় সমন্বয় হয়।

৩। বিড়ি শিল্প প্রতিষ্ঠানের মালিক এই তফসিলের "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ পদে সন্নিবেশ করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

৪। যদি কোন বিড়ি শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরীপ্রাপ্ত হইয়া থাকেন, তাহা হইলে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২ (৬৫) এর সংজ্ঞা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৫। এই তফসিলের "ক" ও "খ" পরিচ্ছেদে উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। যদি উক্ত মজুরী অপেক্ষা কোথাও অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে, তাহা হইলে উহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিককে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৬। যদি কোন বিড়ি শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরনভিত্তিক (Piece rate) মজুরী দিয়া থাকেন, তাহা হইলে তাহাদের মজুরীর হার এইরূপে সমন্বয় করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৭। এই তফসিলের "ক" ও "খ" পরিচ্ছেদে উল্লিখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহ বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সুশান্ত কুমার সাহা
উপ-সচিব।

বিশেষ দ্রষ্টব্য ঃ এতদ্সংগে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ-২০০৭ এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## বিড়ি শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২৮-০৪-২০০৪ইং তারিখের শ্রকম-৬/বিঃ মজুরী নির্ধারণ-১৫/বিড়ি/৯৫/২৭ নং স্মারকমূলে "বিড়ি শিল্প সেক্টর" এ কর্মরত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত শিল্প সেক্টরে প্রতিনিধিত্ব করার জন্য ১৭ এপ্রিল, ২০০৪ইং তারিখের এস,আর, ও ১০৫-আইন/২০০৪-শ্রওক-৬/নিঃ মজুরী নির্ধারণ-১৫/বিড়ি/৯৫ প্রজ্ঞাপন এবং ১৭ সেপ্টেম্বর, ২০০৬ইং তারিখের এস, আর, ও নং ২২৪-আইন/২০০৬/শ্রকম/শা-৬/নিঃ মঃ নিঃ ১৫/বিড়ি/৯৫ প্রজ্ঞাপন দ্বারা যথাক্রমে মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর বোর্ড বেশ কয়েকটি বৈঠকে মিলিত হন এবং শ্রমিকদের কর্মাবস্থা, মালিকদের মজুরী প্রদানের পদ্ধতি ও বর্তমান অর্থনৈতিক অবস্থা ও শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয়সমেত আরও কতিপয় বিষয় পর্যালোচনা করিয়া খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক দাখিলকৃত আপত্তি/প্রস্তাব বিবেচনা করিয়া বোর্ড সর্বসম্মতিক্রমে খসড়া সুপারিশে উল্লেখিত নিম্নতম মজুরী আংশিক সংশোধন করিয়া বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন। উল্লেখ্য, সভায় উপস্থিত সকল সদস্য যথা—বোর্ডের চেয়ারম্যান জনাব আনোয়ারুল হক, নিরপেক্ষ সদস্য অধ্যাপক ইকবাল আহমদ, মালিক পক্ষের স্থায়ী সদস্য জনাব কাজী সাইফুদ্দীন আহমদ, শ্রমিক পক্ষের স্থায়ী সদস্য জনাব মোঃ জাফরুল হাসান, সংশ্লিষ্ট শিল্পের মালিক পক্ষের সদস্য জনাব আলহাজ্ব রহিম উদ্দিন ভরসা ও সংশ্লিষ্ট শিল্পের শ্রমিক পক্ষের সদস্য জনাব মোঃ মাহমুদ খাঁন বাঙ্গালী ঐক্য মত্যের ভিত্তিতে সুপারিশে স্বাক্ষর দান করেন।

১। বাংলাদেশে অবস্থিত বিড়ি শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত শ্রমিক ও কর্মচারীদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে পদবিন্যাস করা হয় যাহা এতদ্সঙ্গে সংযোজিত "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে।

২। বিড়ি শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিড়ি তৈয়ারী শ্রমিক ও তামাক বিভাগের শ্রমিকদের মাসিকভিত্তিক মজুরীর পাশাপাশি দৈনিক মজুরী নির্ধারণ করা হয় যাহা সংযোজিত "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে।

৩. কোন কোন বিড়ি ফ্যাক্টরীতে ফুরনভিত্তিক (Piece rate) মজুরী প্রদান করার রেওয়াজ আছে বিধায় উহা নির্ধারিত মাসিক ও দৈনিক মজুরীর সমন্বয়কল্পে প্রতি শ্রমিকের দৈনিক বিড়ি তৈয়ারীর পরিমাণ উল্লেখ করিলে মালিক ও শ্রমিক উভয় পক্ষের মধ্যে বিরাজমান সুসম্পর্ক বজায় থাকিবে। তাই ন্যূনতম দৈনিক বিড়ি তৈয়ারীর পরিমাণ উল্লেখ করা হইল।

৪. দেশের বিভিন্ন স্থানে অবস্থিত বিভিন্ন বিড়ি কারখানায় বিড়ি তৈয়ারীর পদ্ধতিগত কারণে কর্মরত শ্রমিকগণ একই পরিমাণ বিড়ি তৈয়ার করিতে পারেন না, তাই ফ্যাক্টরীভেদে প্রতি শ্রমিককে দৈনিক ন্যূনতম লেভেল প্যাকিংসহ ৫,০০০ (পাঁচ হাজার) বিড়ি তৈয়ার করিতে হইবে, যাহাতে শ্রমিকদের দৈনিক ন্যূনতম মজুরী ১০৫ (একশত পাঁচ) টাকায় সমন্বয় হয়। উল্লেখ্য যে, এই জাতীয় প্রতি ১০০০ (এক হাজার) বিড়ি তৈয়ারীর জন্য মালিকগণ একজন শ্রমিককে নিম্নতম ২১ (একুশ) টাকার কম মজুরী প্রদান করিতে পারিবেন না। এখানে আরও উল্লেখ্য যে, প্রদত্ত মজুরীর ৩৩ শতাংশ অর্থ বিড়ি তৈয়ারীর শ্রমিক ঠোংগা তৈয়ারী শ্রমিককে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৫. ফিল্টারযুক্ত এবং ঐ জাতীয় কিছু কিছু বিড়ি অন্যান্য বিড়ির সমপরিমাণ তৈয়ার করা যায় না বরং তুলনামূলকভাবে কম করা যায় বিধায় প্রতি শ্রমিককে দৈনিক ন্যূনতম ২০০০ (দুই হাজার) হইতে ২৫০০ (দুই হাজার পাঁচশত) বিড়ি তৈয়ার করিতে হইবে, যাহাতে শ্রমিকদের দৈনিক ন্যূনতম মজুরী ১০৫ (একশত পাঁচ) টাকায় সমন্বয় হয়।

৬. এই সুপারিশ ঘোষণার পর হইতে বিড়ি শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

৭. যদি কোন বিড়ি শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরীপ্রাপ্ত হইয়া থাকেন, তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৮. "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৯. যদি কোন বিড়ি শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরনভিত্তিক (Piece rate) মজুরী দিয়া থাকেন, তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সমন্বয় করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

১০. "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ- সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

১১. কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

স্বাক্ষর/-
**(মাহমুদ খাঁন বাঙ্গালী)**
সংশ্লিষ্ট শিল্পের শ্রমিক পক্ষের সদস্য

স্বাক্ষর/-
**(আলহাজ্ব রহিম উদ্দিন ভরসা)**
সংশ্লিষ্ট শিল্পের মালিক পক্ষের সদস্য

স্বাক্ষর/-
**(মোঃ জাফরুল হাসান)**
শ্রমিক পক্ষের স্থায়ী সদস্য

স্বাক্ষর/-
**(কাজী সাইফুদ্দীন আহমদ)**
মালিক পক্ষের স্থায়ী সদস্য

স্বাক্ষর/-
**(অধ্যাপক ইকবাল আহমদ)**
নিরপেক্ষ সদস্য

স্বাক্ষর/-
**(আনোয়ারুল হক)**
চেয়ারম্যান
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

## তফসিল

### "ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী টাকা | মাসিক বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৩০% টাকা | মাসিক চিকিৎসা ভাতা টাকা | মাসিক সর্বমোট মজুরী টাকা | দৈনিক মজুরী টাকা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। বিড়ি তৈয়ারী শ্রমিক<br>২। ঠোংগা তৈয়ারীর শ্রমিক<br>৩। তামাক ভাংগাই শ্রমিক (হাতে)<br>৪। তামাক ভাংগাই শ্রমিক (মেশিনে)<br>৫। তামাক চিরাই শ্রমিক (হাতে)<br>৬। ডাটা চালানী শ্রমিক (হাতে)<br>৭। মিকচার শ্রমিক (বিড়ির জন্য)<br>৮। চালানী প্যাকিং শ্রমিক | ১৮০০.০০ | ৫৪০.০০ | ২০০.০০ | ২৫৪০.০০ | ১০৫.০০ |

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী টাকা | মাসিক বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৩০% টাকা | মাসিক চিকিৎসা ভাতা টাকা | মাসিক সর্বমোট মজুরী টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) গ্রেড-১ ঃ<br>১। স্টোর কিপার<br>২। হিসাব সহকারী | ৩২০০.০০ | ৯৬০.০০ | ২০০.০০ | ৪৩৬০.০০ |
| (২) গ্রেড-২ ঃ<br>১। স্টোর সহকারী<br>২। ক্যাশিয়ার<br>৩। সেলসম্যান<br>৪। চেকার<br>৫। টাইপিস্ট<br>৬। টেলিফোন অপারেটর<br>৭। সীট লেখক<br>৮। কাগজ বিতরণী<br>৯। ড্রাইভার | ২৫০০.০০ | ৭৫০.০০ | ২০০.০০ | ৩৪৫০.০০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩) গ্রেড-৩ ঃ | ২০০০.০০ | ৬০০.০০ | ২০০.০০ | ২৮০০.০০ |
| ১। পিয়ন | | | | |
| ২। দারোয়ান | | | | |
| ৩। মালি | | | | |
| ৪। সুইপার | | | | |
| ৫। তামাক মাপক | | | | |
| ৬। পেপার কাটার | | | | |
| ৭। প্রচারক | | | | |

স্বাক্ষর/-
**(মাহমুদ খাঁন বাঙ্গালী)**
সংশ্লিষ্ট শিল্পের শ্রমিক পক্ষের সদস্য

স্বাক্ষর/-
**(আলহাজ্ব রহিম উদ্দিন ভরসা)**
সংশ্লিষ্ট শিল্পের মালিক পক্ষের সদস্য

স্বাক্ষর/-
**(মোঃ জাফরুল হাসান)**
শ্রমিক পক্ষের স্থায়ী সদস্য

স্বাক্ষর/-
**(কাজী সাইফুদ্দীন আহমদ)**
মালিক পক্ষের স্থায়ী সদস্য

স্বাক্ষর/-
**(অধ্যাপক ইকবাল আহমদ)**
নিরপেক্ষ সদস্য

স্বাক্ষর/-
**(আনোয়ারুল হক)**
চেয়ারম্যান
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।